

শিক্ষক-ছাত্রদের দূরত্ব বৃদ্ধির জন্য শিক্ষার মান কমছে

-শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : গতকাল (শুক্রবার) টঙ্গীতে ৮ দিনব্যাপী বই ও শিল্পমেলায় উদ্বোধন হয়েছে। আন্তর্জাতিক মাতৃভাষা ও একুশে ফেব্রুয়ারীর সুবর্ণ জয়ন্তী উপলক্ষে টঙ্গী পৌরসভার ১০টি কুলের উদ্যোগে এই মেলায় আয়োজন করা হয় টঙ্গী পাইলট স্কুল ও গার্লস কলেজ মাঠে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক। বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের মহাসচিব ও দৈনিক ইনকিলাবের চীফ রিপোর্টার মঞ্জুরুল আলম, বিনিয়োগ বোর্ডের উপ-পরিচালক মজিবুর রহমান, গাজীপুরের জেলা প্রশাসক শিহাব উল্লাহ, জেলা শিক্ষা অফিসার মোঃ সামছুল ইসলাম-খান, দৈনিক ইনকিলাবের সিনিয়র রিপোর্টার ও সাপ্তাহিক সংবাদদাতার প্রধান সম্পাদক এম আব্দুল্লাহ, দৈনিক ঢাকা ডায়ালগের সম্পাদক ও বিটিভির গাজীপুর জেলা সংবাদদাতা এমরাত হোসেন সোহাগ, টঙ্গী পাইলট স্কুল ও গার্লস কলেজের অধ্যক্ষ মোঃ আশরাফুল আলম। লিখিত প্রবন্ধ পাঠ করেন আলহাজ্ব শেখ আব্দুছ ছালাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাবেক সংসদ সদস্য ও টঙ্গী পৌরসভার চেয়ারম্যান মোঃ হাসান উদ্দিন সরকার। প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা জাতির মেরুদণ্ড আর শিক্ষকরাই শিক্ষার মেরুদণ্ড। শিক্ষকদের সামাজিক মর্যাদা নিজেদের ব্যবহার ও কাজ দিয়ে অর্জন করতে হবে। তিনি বলেন, শিক্ষক, ছাত্র ও অভিভাবকদের মধ্যে দিন দিন দূরত্ব বৃদ্ধি পাচ্ছে। সেজন্য শিক্ষাক্ষেত্রের পরিবেশ ও শিক্ষার মান কমছে। বাংলাদেশের মত দরিদ্র দেশে শিক্ষা খাতে প্রতিবছর ১৮শ' কোটি টাকার উপরে খরচ করা হলেও ৩০ ভাগের বেশী ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হচ্ছে না। শিক্ষার এই মান শিক্ষাক্ষেত্রের মর্যাদাকে ক্ষুণ্ণ করছে। তিনি অভিভাবকদের তাদের সন্তানদের প্রতি আরও যত্নবান হওয়ার অনুরোধ জানান। হাসান উদ্দিন সরকার বলেন, আমাদের দেশের শিক্ষা ব্যবস্থাতেই গলদ রয়েছে। যারা শিক্ষকদের মর্যাদা দিতে পারে না, সেই জাতি কখনও সুশিক্ষিত হবে না। তিনি টঙ্গীর প্রতিটি ইউনিয়ন ও পৌরসভায় একটি করে পাঠাগার স্থাপনের জন্য শিক্ষামন্ত্রীর প্রতি আহবান জানান। তিনি সরকারী কলেজের দুর্দশার কথাও তুলে ধরেন। সাংবাদিক মঞ্জুরুল আলম বলেন, এই অনুষ্ঠানে এসে আমি অভিভূত হয়েছি। এটাকে শুধু বইমেলা না বলে ফুলের মেলা বলতে হবে। অনেক জায়গায়ই মেলা হয় কিন্তু সন্ত্রাসের বিরুদ্ধে বইয়ের মেলা আর তার সাথে কোমলমতি ছেলেমেয়ে, শিক্ষক ও অভিভাবকদের সম্পৃক্ততা এক নতুন সূচনা। তিনি এই বইমেলায় আয়োজনের জন্য হাসান উদ্দিন সরকারকে ধন্যবাদ জানান। সাংবাদিক এম আব্দুল্লাহ বলেন, দেশের প্রতিটি জেলায় যদি একটি করে বইমেলা করা যায় এবং ছেলেমেয়েদের বই পড়ার প্রতি আকৃষ্ট করা যায়, তাহলে সরকারের সন্ত্রাস দমন কার্যক্রম এমনিতেই বহুলাংশে বাস্তবায়িত হবে।